

BEN(H) - II  
P - III

BNGA(HN)-03

West Bengal State University

B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2015

PART - II

বাংলা — সাম্মানিক

তৃতীয় পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। উদাহরণ সহযোগে দলবৃত্ত (শ্বাসাঘাত প্রধান) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

১২

অথবা

যে-কোনো দুটির উদাহরণসহ ব্যাখ্যা করো :

২ × ৬ = ১২

দল, পর্ব, যতি, মাত্রা।

২। যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করো :

২ × ৪ = ৮

ক) হাথক দরপণ মাথক ফুল।

নয়নক অঞ্জন মুখক তাম্বুল।।

হৃদয়ক মৃগমদ গীমক হার।

দেহক সরবস গেহক সার।।

খ) কণ্টক গাড়ি কমলসম পদতল

মঞ্জীর চীরহি ঝাঁপি।

গাগরি বারি চারি করি পিছল

চলতহি অঙ্গুলি চাপি।

SUB-B.A.(HN)-BNGA-6026

[ Turn over

গ) যেয়োনা রজনী আজি, লয়ে তারাদলে।  
 গেলে তুমি, দয়াময়ি এ পরাণ যাবে !  
 উদিলে নির্দয় রবি উদয় অচলে,  
 নয়নের মণি মোর নয়ন হারাবে।

ঘ) উজ্জ্বল এক ঝাঁক পায়রা  
 সূর্যের উজ্জ্বল রৌদ্রে  
 চঞ্চল পাখনায় উড়ছে।

৩। উপমা অলংকার কাকে বলে ? উদাহরণসহ উপমা অলংকারের বিভাগগুলি আলোচনা করো। ১২

অথবা

যে-কোনো দুটি অলঙ্কার উদাহরণসহ ব্যাখ্যা করো :  $২ \times ৬ = ১২$   
 যমক, শ্লেষ, অপহুতি, বিরোধ।

৪। যে কোনো দুটি উদ্ধৃতির অলঙ্কার নির্ণয় করো :  $২ \times ৪ = ৮$

ক) আমার দেশের পথের ধূলা খাঁটি সোনার চাইতে খাঁটি।

খ) কালো জল ঢালিতে সহি কালো পড়ে মনে।

গ) শীতের ওচনী পিয়া গীরিষের বা।

বরিষার ছত্র পিয়া দরিয়ার না।

ঘ) এ পুরীর পথ মাঝে যত আছে শিলা

কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।

ঙ) মাথার উপরে জ্বলিছেন রবি, রয়েছে সোনার শত ছেলে।

৫। বৈষ্ণব পদাবলী সাহিত্যে অভিসার কাকে বলে ? অভিসারের পদ রচনায় বিদ্যাপতি অথবা চণ্ডীদাসের কৃতিত্ব নির্ণয় করো। ১৫

অথবা

“বৈষ্ণব করিরা প্রেম মনস্তত্ত্বের সুনিপুণ রূপকার” — বিভিন্ন পর্যায় থেকে উদ্ধৃতি সহযোগে বিষয়টি আলোচনা করো। ১৫

- ৬। শাক্ত গানগুলিতে অষ্টাদশ শতকের রাজনৈতিক বিশৃঙ্খলা ও সামাজিক অবক্ষয়ের যে প্রকাশ ঘটেছে, সে বিষয়ে তোমার মতামত দাও। ১৫

অথবা

“শাক্ত কবিমাত্রই ভক্ত এবং তাঁদের কোনও কোনও পদে মাতৃচরণে অনন্ত নির্ভরতার অকুণ্ঠ প্রকাশ ঘটেছে।” — ‘ভক্তের আকৃতি’ পর্যায়ের পাঠ্যপদ অবলম্বনে এই নির্ভরতার স্বরূপ ব্যাখ্যা করো।

১৫

- ৭। “মধ্যযুগের সমগ্র বাংলা সাহিত্যে মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যটিতে ঘটেছে আধুনিক উপন্যাস ভাবনার উজ্জ্বল প্রতিফলন।” — মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১৫

অথবা

“বঙ্গ নারীর চরিত্র হিসেবে মুকুন্দ চক্রবর্তীর কবিকঙ্কণ চণ্ডীর ‘ফুল্লরা’ চরিত্রটি এককথায় অনবদ্য।” — আলোচনা করো। ১৫

- ৮। “সখি কি পুদুসি অনুভব মোয়” — কোন্ রসপর্যায়ের অন্তর্গত ? পদকর্তা কে ? কার অনুভবের প্রসঙ্গে জানতে চাওয়া হয়েছে ? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো। ১ + ১ + ১ + ২ = ৫

অথবা

“সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু অনলে পুড়িয়া গেল।” — কোন্ রসপর্যায়ের অন্তর্গত ? পদকর্তা কে ? কার সুখের ঘর পুড়ে যাওয়ার কথা বলা হয়েছে ? উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১ + ১ + ১ + ২ = ৫

- ৯। “কামিনী করিল বিধি, তেঁই হে তোমারে সাধি  
নারীর জনম কেবল যন্ত্রনা সহিতে”  
— পদকর্তা কে ? বক্তা কেন অনুনয় করেছে ? একজন নারীর দৃষ্টিকোণ থেকে তার অসহায় অবস্থাটি ব্যাখ্যা করো। ১ + ২ + ২ = ৫

অথবা

“যদি তোমার বাপের ধারা ধর, তবে বটে আমি হারি।

যদি আমার বাপের ধারা তবে তো মা পেতে পারি।”

— পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো। ১ + ১ + ৩ = ৫

১০। “সোনা রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল  
ঘষিয়া মাজিয়া বাপা কর্যাছ উজ্জ্বল”

— কে, কাকে বলেছে ? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

১ + ১ + ৩ = ৫

অথবা

“নফরের হাতে খাণ্ডা      বহুড়ীর হাতে ভাণ্ডা  
পরিণামে দেই অতি দুখ”

— বক্তা কে ? ‘নফর’ ও ‘বহুড়ী’ শব্দ দুটি কার প্রতি কেন প্রযুক্ত হয়েছে ? পরিণাম কেন  
দুঃখদায়ক হবে বলে বক্তার মনে হয়েছে ?

১ + ২ + ২ = ৫